বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

বিজ্ঞপ্তি নং-১৫/২০১৫ তারিখ ঃ ১৯/০৩/২০১৫

নিয়োগ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে **'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর(জেনারেল সাইড)'** ও **'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর(আইটি সাইড)'** পদে নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

০১।	**পদের নাম**	ঃ	১)	**ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (জেনারেল সাইড)**
			২)	**ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (আইটি সাইড)**
০২।	**শিক্ষাগত যোগ্যতা (উভয় পদের জন্য)**	ঃ		ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি পাস। খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
০৩।	**বেতন স্কেল (উভয় পদের জন্য)**	ঃ		জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর **৳৪৭০০-২৬৫×৭-৬৫৫৫- ইবি- ২৯০×১১-৯৭৪৫** স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
০৪।	**বয়স (২৩/০৪/২০১৫ তারিখে)**	ঃ		(ক) সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৩০ বছর। (খ) মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটাভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
০৫।	**যে সকল জেলা হতে আবেদন করার প্রয়োজন নেই**	ঃ		**মুন্সিগঞ্জ, শরিয়তপুর, রাজশাহী, নড়াইল, ঝালকাঠি ও পিরোজপুর।**
০৬।	**মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে**	ঃ		**সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**

০৭। আগ্রহী প্রার্থীদেরকে আগামী **২৩/০৪/২০১৫** তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৮। **একজন প্রার্থী 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর(জেনারেল সাইড)' ও 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর(আইটি সাইড)' এর যে কোন একটি পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী দু'টি পদে আবেদন করলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।**

০৯। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

১০। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

১১। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্ট ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১২। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্ট ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে ১১নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

১৩। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১৪। প্রার্থীদের স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্ট, ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক